

কলা স্নাতকোত্তর অন্ত্য-সিমেস্টার পরীক্ষা, ২০২৩

(দ্বিতীয় বর্ষ, দ্বিতীয় সিমেস্টার)

বাংলা

কোর্স : পি.জি.-৪.৫১

অম্বয় ও শৈলী

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

তিনটি প্রশ্নের উত্তর দাও।

- ১। এক্স-বার কাঠামো (X-bar schema)-র ধারণাটিকে দৃষ্টান্তসহ ব্যাখ্যা করো। এই কাঠামোর গুরুত্ব সংক্ষেপে বর্ণনা করো। $c+2=10$

অথবা

- ২। Revised Extended Standard Theory (REST)-তে অভিবাসনের (movement) ক্ষেত্রে যে trace-এর ধারণার অবতারণা ঘটল, তা দৃষ্টান্ত সহযোগে বুঝিয়ে দাও।
- ৩। নিম্নলিখিত শৈলীগত প্রকৌশল গুলি (stylistic device) উদ্ধৃত কবিতাংশে কেমন ভাবে ব্যবহার করা হয়েছে ব্যাখ্যা করো। ১০

Metaphor, Metonymy, Fronting, Ellipsis, Syllepsis

স্বচ্ছাতন্ত্র ছেড়ে দৈরাচারী ট্রামই ভালো,

ইচ্ছার দায়িত্বহীনতা ছেড়ে সংস্কারের বাঁধা সড়ক।

বড়বাজারের উপলউপকূলে

জনগণের প্রবল শ্রোত

উগারিছে ফেনা

আর বিড়ির আর সিগারেটের আর উনুনের আর মিলের ধোঁয়া

আর পানের পিক্

আর দীর্ঘশ্বাস

[2]

বড়বাবুর গঞ্জনা
বড়সাহেবের কটা চোখের ব্যঞ্জনা
দাম্পত্যমিলনের শ্রান্ত সম্ভাবনায়
অপত্যাধিক্যের অনুশোচনায়
ট্রামের বাসের কারের ফেরিওয়ালার রলরোলে
এই ক্লাইভ ডালহুসি লায়নস রেঞ্জের ডেলিপ্যাসেঞ্জারদের
ক্লান্ত নীরবতায়
তিক্ত গুঞ্জে
শুধু অস্পষ্ট একটা বিরাট লাগ্‌ডাঁট আওয়াজ
যেন শিশিরভেজা মাটিতে পাতাঝরার গান
বা যেন একটা বিরাট অতনু দীর্ঘশ্বাস
বড়বাজারের ক্ষতবিক্ষত কিন্তু অমর আকাশে
তারায় তারায় কাঁপন লাগে যার মীড়ে মীড়ে।
... ..
পাঁচ মিনিট, পাঁচ মিনিট মোটে।
কালের যাত্রার ধ্বনি শুনিতে কি পাও
উদ্দাম উধাও
ট্রেন এল ব'লে হাওড়ায়।
ওপারে স্টক এক্সচেঞ্জের এপারে রেলওয়ের হাওড়া,
তারই মধ্যে বসে আছেন শিবসদাগর
ট্যান্ডার হৃদস্পন্দে, ট্র্যাফিকের এটাক্‌মিয়ার।
এল ট্রেন
মস্থিত ক'রে রক্তের জোয়ার
আমারই একান্ত মগ্নচেতন্য মস্থিত ক'রে।
দেখলুম তোমার ক্লোস-অপ্ মুখ জানালায়,
— একটা কুলি —

[3]

৪। 'চিত্রকল্প' বলতে কী বোঝ? চিত্রকল্পের বৈশিষ্ট্য ও শ্রেণিবিভাগ
উদাহরণসহ আলোচনা করো। ৩+৪+৩

অথবা

৫। টীকা লেখো : (যে কোন দুটি) : ৫×২
সমান্তরালতা, কাব্যময় গদ্যভাষা, বিচ্যুতি, সংসক্তি